সঙ্গীত-লহরী।

শ্রীযুক্ত কুমার মহেন্দ্রলাল খাঁন-বিরচিত ও প্রকাশিত।

SANGEETA LAHORY,

BY

COOMAR MOHENDRO LALL KHAN.

অথবা কৃতবাগ্দ্বারে বংশেহন্মিন্ পূর্বস্থেরিভিঃ। । মনৌবজু সমুৎকীর্ণে স্থতক্ষে বাস্তি মে গতিঃ॥

त्रघूद्रभ ।

সঙ্গীতের দম আর মন মুগ্ধকর।
হেন কোন বস্তু নাই ভারত মাধার॥
বিপাৎকালেও উহা করিলে প্রবান।
মনোমধ্যে হর্ষরাশি করে উদ্দীপন॥
গ্র

কলিকাতা ৷

भेयुक ঈশ্বরচন্দ্র বস্ত্র কোং বহুবাজারত্ব ২৪৯ সংখ্যক ভবনে ফ্যান্হোপ্ বন্ধে মুক্তিও।

हर ३৮१५। वार मन ३२१५।

বিজ্ঞাপন।

মান্যবর শ্রীল**শ্রীযুক্ত স্বদেশারুরাগী সঙ্গীতপ্রি**য় মহোদয়গণ সমীপেয়ু।

মহোদয়গণ!

এই কুদ্র পুস্তকথানি আপনাদের সমুখে অর্পন করিলাম, এক্ষণে ইহার দোষগুণ বিবেচনার ভার মহাশয়দের হস্তে রহিল। এরপ ছ্রহ বিষয়ে আমি যে প্রতিষ্ঠা লাভ করিব এমত অভিলাষী নহি। তবে যদ্যপি এই পুস্তকন্থ একটি মাত্রও সঙ্গীত আপনাদের মধ্যে এক ব্যক্তিরও কিঞ্জিমাত্রও প্রীতিপ্রদ হয়, তাহা হইলেই শ্রম ক্ষিল বোধ করিব, ইতি। ১২৭৮ সাল, ২ জ্যৈষ্ঠ, ইংরাজী ১৮৭১, ১৫ মে।

জেলা মেদিনীপুর, নারাজোল রাজভবন। গ্রন্থকারস্থা নিবেদন মিতি ৷



প্রথম অধ্যায়।

शर्वम वस्ता।

সিন্ধু মলার—জলদ তেতালা।

গণপতি করি স্তাতি বিশ্ব বিনাশ কারণ।
সর্কাসিদ্ধপ্রদ তুমি সর্কা আপদ-নাশন॥
মূষিকোপলি রোহণ, লয়োদর গজানন,
চতুর্ভুজ বিভূষণ, উপবীত স্থাভোন।
সর্কা প্রধান প্রকৃতি, নপুংসক আকৃতি,
মহেন্দ্র করে মিনতি, বাঞ্ছা করহে পূরণ॥

সরস্বতীবন্দনা !

ইমনকল্যাণ—জলদ তেতালা। বিরাজে শ্বেত সরোজে কেও সরোজ-নয়নী। সন্মিত-বদনা বামা শ্বেত-সরোজ-রূপিণী॥ বীণা, যত্ত্বে শোভে কর, কণ্ঠে শোভে মণিহার, পরিধান শুক্লাম্বর, শিরে মুকুট-ধারিণী। বেদ মাতা সরস্বতী, রূপা কর মম প্রতি, মহেন্দ্রের এই নতি, হরিপ্রিয়ে নিস্তারিণী।

সীতারাম বন্দনা।

মূলতান—জলদ তেতালা।
হেমসিংহাসনাসীন রাম রাজীব-লোচন।
নবদুর্বাদলরপ শিরে মুকুট শোভন॥
ভূষিত নানালকারে, ধর্ম্বাণ ধরে করে.
বামে সীতা স্বর্ণলতা, আ মরি কি স্থাভোল।
দক্ষিণ পার্শ্বে লক্ষ্মণ, বামে ভরত শক্রম,
সন্মুখেতে হর্মান, আদি নানা কপিগণ॥
রঘুপতি এই বার, তার এভব সংসার,
পাপাদি মুফ্জিয়া হর, মহেক্রের নিবেদন॥

नश्चीवन्तरा।

ৰেহাগ-আড়া।

হেরি কে ও রমণী, হেরি কে ও রমণী। নানালঙ্কারে ভূষিতা গোর বরণী॥ পার্শ্বরে অকপাশ, অযুজহার অঙ্কুশ,
স্বরূপা তৈলোক্য মাতা, দ্বিভুজ ধারিণী।
কর্মপদ্ম বাম করে, বর শোভিছে অপরে,
আ মরি কি শোভা করে, সরোজ রোহিণী॥
ও মা লক্ষ্মী তব প্রতি, মহেন্দ্র করিছে স্তৃতি,
কটাক্ষে করুণা কর, ধন প্রদারিনী॥

শिव वन्मना।

ললিত—জলদ তেতালা।
শঙ্কর করণা কর করি ক্রপাবলোকন।
দিগম্বর জটাধর নীলকণ্ঠ ত্রিলোচন॥
আরোহি র্যবোপর, করে ত্রিশূল ডমুর,
ভালে শোভে শশধর,অঙ্গে বিভূতি লেপন।
অন্থিমাল্য শোভে গলে, বপু বিভূষিত কালে,
মহেন্দ্রে চরম কালে, দিও তব জীচরণ॥

দশ অবতার বন্দনা।

খাৰাজ—জনদ তেতালা।
যত্পতি সমপ্ৰতি কর রূপাবলোকন।
তুমি বিনে এঅধীনে কে তারে মধুসুদন॥

দত্যে মীনরূপ ধরি, বেদ উদ্ধারিলে হরি, কুর্মঅবতারে ধরা, করিলে পৃষ্ঠে ধারণ। ধরি বরাহ আকার, করিলে ক্ষিতি উদ্ধার, हित्रगां क रेमञावत्त्र, त्रां कतित्व निधन ॥ প্রহ্লাদে করিয়ে রূপে, হিরণ্যকশিপু ভূপে, বধিলে নৃসিংহ রূপে, স্তম্ভ করি বিদারণ। ত্রেতাযুগে স্বর্গপুরে, বামন অবতারে, বলিরে পাতালপুরে, ছলে করিলে প্রেরণ। পরশুরাম রূপেতে, নিজ প্রতিজ্ঞা রাখিতে, নিঃক্ষত্র করিলে ক্ষিতি, কুঠার করি ধারণ। রামরূপে চারি অংশে, জিম দশরথ-বংশে, দশাস্যে বধি সবংশে, করিলে ভক্তে তারণ। দ্বাপরে মথুরা পুরে, রামক্রফ অবতারে, বধি কংসাদি অসুরে, করিলে ভার হর।। ইন্দ্রহায়ে রূপা করি, ক্ষেত্রে রুদ্ধ রূপ ধরি, প্রকাশ হইলে হরি, তারিতে এ ত্রিভুবন॥ किन्कत्रात्र किनिकारल, कौकछ प्राप्त अभिरल, পৃথীভার বিনাশিলে, সকলে করি নিধন। করিবারে ভব পার, তুমি মাত্র কর্ণধার, गर्टित्यत कृषी कत, अरह मनन्दर्भाहन॥

गङ्गा वन्मना।

ললভ—জলদ তেতালা।
শ্বেতাম্বর-পরিধানা চতুতুজা কে রমণী।
স্থাংশু মিলিত প্রভা স্থাসন্না ত্রিনয়নী॥
নানালস্কারে ভূষিতা, মণি-মুক্তা-বিভূষিতা,
স্বদনা সম্মিতা, আদ্র গলাস্থলেপনী।
রক্তকুত্ত সিতান্ডোজ, বরাভয়ে শোভে ভুজ,
শ্বেত ছত্র শোভে শির, বীর্যমানা স্বদনী॥
মহেন্দ্রে করি করুণা, অন্তে কর মা করুণা,
গঙ্গে গো এই প্রার্থনা, ও মা ত্রিলোক-তারিণী॥

দ্বিতীয় অধ্যায়।

বসন্ত বর্ণন।

বসন্ত বাহার—আড়া ঠেকা।
অপরপ নবসাজে ধরা সুসজ্জ হইল।
ভভাব প্রভাবে দেখ এল মলয় অনিল॥
তরুগণ মুকুলিত, নব পত্রে সুশোভিত,
নানা পুষ্পা প্রক্ষু টিয়ে, উদ্যান সব শোভিল।
মন্দ মন্দ গন্ধাবহ, বহিতেছে অহরহ,
ভ্রমরা ভ্রমরী সহ. হর্ষে ভ্রমিতে লাগিল॥
শর্ঘাগণ সত্তর, সাধিতে প্রস্থন কর,
চতুর্দিক সন্ধানিয়ে, সবে স্বদলে চলিল।
পাপিহাদি পাথিগণ, শাখী পরে করে গান,
কুতু কুতু স্বরে তান, ধরিছে কোকিল কুল॥

প্রভাত বর্ণ।

র।মকেলী—জলদ তেতালা। উদয়গিরি-শিথরে ভাসু হইল উদয়। ধরণী তাপে তাপিল রজনী হল বিলয়॥ নাহি আর শশকর, শোষিত ফুল নীহার,
কুমুদ মুদিত যত, শ্লান সব তারাচয়।
ভ্রমিছে মধুপগণ, করি ফুল মধুপান,
প্রফুল নলিনী নীরে, বায়ু মন্দ মন্দ বয়॥

প্রদোষ বর্ণন ৷ আশা গোৱী—ভাডা। इल मिवा जवमान। করহীন প্রভাকর করিল প্রস্থান॥ प्तिथिएत प्रध्य गिनी, रहेन मिन ; थिए मुमिल वशान: কুমুদ হর্ষিত, হাঁসি বিক্সিত; হেরি শশী তার চুম্বিল ব্যান। প্রফুল নানা প্রস্থন, তাহে মধুপান; করিছে মধুপগণ; যত নিশাচর, হইয়ে তৎপর; ভ্রমণে মির্গত হল করি গা**ন**॥ এল সন্ধ্যারাগ হর্ষে, খগোল রঞ্জিতে; উজুগণ সহিতে; রজনী স্থন্দরী, তমঃ বস্ত্র পরি; ক্রমশঃ আইল ত্যজি অভিমান॥

ы

टे बत्रवी-आफ्नाटरेका।

প্রেমার্ণব-তরঙ্গে মম তত্ত্তরি ডুবিল।
নাহেরি উপায় আর উৎসাহ বায়ু উঠিল॥
তরঙ্গে বায়ুরাধিক্য, হেরিয়ে জ্ঞান নাবিক,
চিন্তাতুর হইয়ে, ত্বা বহিএ ত্যজিল।
এ সব করি দর্শন, ভীত আরোহী মন,
হইয়ে সহায়-হীন, তরঙ্গ মাঝে পশিল॥

বেহাগ—ভিওট।

প্রেয়নী কি মানে তব মমপ্রতি এত মান।

এমান কারণ কোন নাহি হয় অনুমান॥

মানে মানিনী মলিন, বস্ত্র ভূষাদি মলিন,

কেশ পাশ মলিন, চন্দ্রানন ব্রিয়মাণ।

এমন বিষম মান, কভু না করি দর্শন,

সাধিলে না যায় মান, এমান কেমন মান॥

নিন্ধুকাকি—জলদ তেতালা।

রথা কেন প্রাণধন করিতেছ মনোভার।
অন্যভার সহিতে পারি মনোভার সহাভার॥
তব প্রফুল বদন, না হেরিলে এক কণ,
মন হয় উচাটন, আমি অধীন তোমার।

বেহাগ—আড়া।

বল কি করি উপায়, বল কি করি উপায়।
মান না ত্যজিল প্রিয়ে ধরিলাম পায়।
ন্ম বদন করি, বসিয়াছে ধরাপরি,
সাধিলাম যত্ন করি, ঠেলিল ত্নপায়।

ভৈরবী-একতালা।

গেল প্রাণ বিনে প্রাণ তব চক্রানন।
হয়ে অনুকূল যদি দেহ কূল তবে বাঁচি প্রাণধন॥
মলিন বসন নম্র বদন,

বৰ্জ্জিত ভূষণ হেরি কি কারণ। ত্যজি ধরাসন আসনে আসীন,

হও ওরে প্রাণধন।
তুমি প্রিয়ে মন করেছ হরণ,
রথা তবে মান কর কি কারণ,
মোনত্রত প্রাণ ত্যজিয়ে এখন,
হাস্য আস্য কর দান॥

टेज्रवी- धक्जाना।

কেন প্রাণ অভিমানে করিছ এমন। তুল চন্দ্রানন সহাস্য বদন করি করি নিরীক্ষণ। নয়ন চকোর অতি বিঘূর্ণিত.
আস্য শশধর অম্বরে আরত,
দেখি তব রীত অতি বিপরীত,
কেন বল ধরাসন।
অবলা হৃদয় অধিক সরল,
কেন করি মান উগার গরল,
কমলিনী জ্রুত এই মোন-ত্রত,
কর কর উদ্যোপন॥

ভৈরবী-একতালা।

চির দিন সুকঠিন সে হেন কেন হয়।
আমি যার লাগি ভাবি যেন যোগী,
জেগে করি কালক্ষয়॥
শয়নে স্থপনে কিবা জাগরণে, সদত
নির্জনে থাকি তার খ্যানে,
তাহার বিচ্ছেদ স্থি মম প্রাণে,
তিল আধ নাহি স্য়।
পুরুষের মন জানিলে এমন,
কভু তারে প্রাণ না করি অর্পণ,
তাহার কি গুরু কঠিন, নাহি নারী বধ ভয়

टेलत्री-याज्।।

আগে কে জানে সই শেষে যে সে হইবে এমন।
তা হলে কি না বুঝে প্রাণ করি সমর্পণ॥
তরু মন না মানে মানা, নয়ন অন্য চাহে না,
বিনে সে প্রাণবল্লভ, মন উচাটন।
যাতনা হতেছে ভারি, বল কি উপায় করি,
বিষম বিরহে দহে, কি করি এখন॥

বিহাগ—তেওট।

কোথা সেই প্রাণবধু আমারে ত্যজিয়ে গেল। তার আমাতে আশা করি থাকি বল কতকাল। প্রাণ যে তাহার তরে, সদত কেমন করে, চাতুরী করে আমারে, সে কেন অন্তর হল।

टेडबरी-चाए।।

নখি দে শঠ লম্পটে প্রাণ করে সমর্পণ।
গেল মান তবু মন না মানে বারণ॥
আমি অধীন তাহার, সে বিনে না জানি আর,
তত্ম অন্য প্রতি তার, মন সদাক্ষণ।
সরলা পিরীতি রীতি, নাহি জানে সে কুমতি,
তাই সেদত করে, মোরে জালাতন॥

কিবিট খাষাজ—জনদ তেতালা।
কোথা গেল সে আমার হৃদয়-রঞ্জন।
হেরি পলকে প্রলয় হইলে সে অদর্শন॥
মম কর বাঞ্জা করে, সদা তার করে ধরে,
নয়নেতে বারি ঝুরে, না হেরি তার বদন।
প্রাণ সদা চাহে তারে, রাখিতে হৃদয়োপরে,
চরণ প্রার্থনা করে, যাইতে তার সদন॥

ললিত—জলদ তেতালা।

প্রাণসথি প্রাণ গেল বিনে সেই প্রাণধন।
সদত অন্তর চাহে করিতে তারে দর্শন।
অন্তরের অভ্যন্তরে, সদত রাখি তাহারে,
সে কেন এমন করে, মন করিয়ে হরণ।

বিঝুটা খাষাজ — ধিমা তেতালা।

নিশি গতে কোথা হতে এলে বল প্রাণ।

বিচ্ছেদে প্রাণ আকুল না হেরি তব বয়ান॥

শশী হইলে উদিত, প্রফুল হইল চিত,
রজনী হেরি বর্দ্ধিত, ভাবি হইয়ে অজ্ঞান।

তবু তব আশা করি, ত্রিযামার্দ্ধ গত করি,
বিঞ্জির বক্রী সর্কারী, তোমারে করিয়ে ধ্যান॥

ললিড-জলদ তেতালা।

যাও যাও বধুঁ মিছে কেন কর জ্বালাতন।
যে থানে বঞ্চিলে নিশি সে থানে কর গমন॥
আদি বলে বলে গেলে, আর নাহি ফিরে এলে,
কোথা যামিনী পোহালে, পেরে মনের মতন।
আমি হেতা ছঃথে বদি, কেঁদে পোহালেম নিশি,
প্রাতে পুনঃ পিক আদি, দিয়েছে বহু গঞ্জন॥

মূলতান—জলদ তেতালা।

প্রেমে মজি এই বুঝি অবশেষে লাভ হল।
না পাইরু সে জনেরে মিছে কুল শীল গেল॥
হারাইরু প্রাণ মান, ঘরে পরে অপমান,
পূর্ব্বে জানিলে এমন, কে মজিত প্রেমে বল॥

हमन कलाग-जनम उजाम।

এ অধীনীরে দেখ যেন ভুলনাকো প্রাণধন।
মম প্রতি এই স্নেহ থাকে সদত যেমন।
তুমি মম হৃদেশ্বর, অন্য কে আছে আমার,
কাণে প্রাণে যাই মরে, না হেরিলে ও বদন।
লাঞ্ছনা গঞ্জনা ভয়, ত্যাগ করি সমুদ্র,
করেছি তোমার করে, প্রাণ মন সমর্পন।

সিক্ষতিরবী—জন্দ তেতালা।

যদি যাবে দেখ তবে ভুলনা রে প্রাণধন।

যথা থেক মনে রেখ করি কুপাবলোকন॥

তব বিষম বিরহে, যদি দেহে প্রাণ রহে,

তবে পুনঃ দেখা হবে, নতুবা এই দর্শন।

পাছে তুমি পাও হুখ, এই ভাবি পাই হুখ,

তব সুখে মম সুখ, এই প্রাণ নিবেদন॥

থায় জ-থেম্টা।

ওরে মন এ কেমন বল তব আচরণ।
না বুঝিয়ে মন তার কেন হইলি অধীন॥
তুমি যার লাগি ভাব, দে নাহি ভাবে দে ভাব,
তবে আর মিছে ভাবি, কেন হও জালাতন॥

নিস্তুকাফি-জনদ তেতালা।

কেন বা হইলী রে মন নয়নেরি অধীন।
আমার হইয়ে তোর এ ব্যবহার কেমন॥
নয়নেরি যত গুণ, তাহা তো সকলি জান,
আপন হইয়ে তবু, নহে সে বশ আপিন।
ভুলনা কুহকে তার, সে নহে ভাবি তোমার,
দিওনা যাতনা আর, মিছে পরেরি কারণ॥

বেহাগ—আড়া।

পরে ভাব কেন মন।
পরে সে জানিবে পর হয় যে কেমন॥
পর কভু কদাচন, নাহি হইবে আপন,
সূত্র হংশ ভাগী হবে, যাবৎ জীবন।
তবে সে পরেরি তরে, কি ফল যতন করে,
পরস্পরে হবে পরে, ত্বএ জ্বালাতন॥

সিন্ধুকাফ-জল তেতালা।

নিদারুণ বাণী কেন বারে বারে বল রে প্রাণ।
কিঞ্চিৎ বিলয় কর তবে করিবে প্রস্থান॥
শুনিয়ে তব গমন, মন হয় উচাটন,
কিরূপে ধরিব প্রাণ, না হেরি তব বয়ান॥

দিক্স-ধিমা তেতালা।

প্রেমানলে প্রাণ জলে নাহি মানে নিবারণ।
তিলেক নহে শীতল উত্তাপিত সর্বাঞ্চণ॥
যদি গিয়ে নামি জলে, তাহাতে দিগুণ জলে,
পিকের স্বর শুনিলে, অধিক হয় জলন।
তাহে বিচ্ছেদ জনল, আসিয়ে মিলিত হল,
দহিল প্রাণ দহিল, বল কি করি এখন॥

সিম্বুক।ফি-জলদ তেতালা।

কি কৃক্ষণে তার সনে হয়েছিল সন্দর্শন।
সে অবধি নিরবধি স্থান্থর না হয় মন॥
আদর্শনে ছিত্র ভাল, কেন বা দর্শন হল,
ভ্রখানলেতে কেবল, হতে হল জ্বালাতন।
বিষম বিচ্ছেদ শরে, বাঁচিব কেমন করে,
যারআশে প্রাণ ধরি, সে বিনে চঞ্চল প্রাণ॥

দোহিনী বাহার—জলদ তেতালা।

মজনা মজনা প্রেমে প্রেমে ঘটে বিষম দায়।

যে করেছে সেই জানে যেরূপ যন্ত্রণা তার॥

মিলনেতে সুথ বটে, যদি মনোমত পটে,
শেষ যদি নাহি ঘটে, বিচ্ছেদ অনল তার॥

সিন্ধুকাফি—জনদ তেতালা।
নয়নে যে প্রিয় হয় সেই প্রিয়ে প্রাণধন।
সদত অন্তর চাহে হেরিতে তার বদন॥
নীচ কিয়া উচ্চ জাতি, কুৎসিত কি রূপবতী,
বয়োরদ্ধ কি যুবতী,বিচারে কি প্রয়োজন।
কুল শীল ধন মানে, কি কার্য্য অনুসন্ধানে,
তিল যার অদর্শনে, মন হয় উচাটন॥

বিহাগ—তেওট।

কেন প্রাণ নিদারুণ হইতেছ বারেবারে।
না হেরি ভোমারে প্রাণ, প্রাণ যে কেমন করে॥
অশ্বরারত বদন, ত্যজনা রে প্রাণ ধন,
পূর্ণশশি রাহু যেন, বোধ হয় গ্রাস করে।
তোমার বদন শশি, জিনিয়ে শারদ শশি,
করহতারে উদাসি, কটাক্ষ কর যাহারে॥

মালকোষ –জলদ তেতালা ।

তব করে করিয়াছি প্রাণ মন সমর্পণ।
তরু প্রাণ মনোভার কেন কর অকারণ॥
মম হৃদয় অম্বর, তাহে তুমি শশধর,
মম এই দেহ হয়, তব একান্ত অধীন।

বাহার—আড়া।

ছিছি আঁথি বল দেখি একি তব আচরণ।
মম কাছে থাকি তোর এ ব্যবহার কেমন॥
এক বার হেরি তারে, ভুলে গেলে একেবারে,
একা ফেলিয়ে আমারে, হইলি তার অধীন।
যাহার দর্শনে হল, যন্ত্রণা লাভ কেবল,
পুনঃ বা বাসনা কেন,, হয় তার দরশন॥

ললিত—জলদ তেতালা।

আদি আসি বলে কেন অন্থির হইলে রে প্রাণ।
বিগত নহে সর্বারী দেখ মেলিয়ে নয়ন॥
কুমুদ নহে মুদিত, তারাগণ সমুদিত,
শিবাগণে গায় গীত, উলুকে ধরিছে তান॥

ললিত—জলদ তেতালা।

রজনী আগত হল বল কোথা যাবে রে প্রাণ।
রবি অস্তাচলে চলে দেখ ত্যজিয়ে স্বস্থান॥
সরোবরে সরোজিনী, হইল অতি হুঃখিনী,
আহলাদিনী কুমুদিনী, হল প্রফুল বয়ান॥

তৃতীয় অধ্যায়।

দশ মহাবিদ্যার গান।

कानी।

বিভাদ—জলদ তেভালা।

শিবরূপী শবোপরে বিহরেও কে রমণী।
স্থামবর্ণা বিবদনা চতুতুঁজা ত্রিনয়নী॥

হত শিশু শ্রুতিমূলে, শিশুশশি শোভে ভালে,
মুগুমালাগলে দেলে, রণেতে রণ রঙ্গিনী।
পীনোমত পয়োধর, শোভিছে হৃদয়োপর,
তাহে আরত রুধির, অউ অউ হাসিনী॥
বাম করে অদি করে, নরমুও অন্যে ধরে,
অভয় দক্ষিণ করে, অন্যে বর প্রদায়িনী।
ভীম করাল বদনা, লোল জিহ্বা রক্তবর্ণা,
কতিতটে নরকর, মুক্তকেশী দীর্ঘবেণী॥
কালী চরণ কমলে, মহেন্দ্রেমা এই বলে,
স্থান দিও চর্মে মা, ভব-ভয়-বিনাশিনী॥

তারা।

সিন্ধু মলার—জলদ তেতালা।
হরহৃদি সরোবরে নীলবর্ণা কে রমণী।
মুগুমালা বিভূষণা শিরে শোভাধরে ফণী॥
ব্যাঘু চর্ঘাম্বর পরা, পিঙ্গল জটা ধরা,
লম্বোদরী থর্কাকারা, ভয়ঙ্করী রূপিণী।
বাম দিকরে শোভন, কর্ত্রী আর রূপাণ,
নীলোৎপল কপাল, দক্ষ দিকরে ধারিণী॥
লোল জিহ্বা রক্তবর্ণা, প্রত্যালিচ শ্রীচরণা,
মহেন্দ্রে করি করুণা, অন্যে তার গো তারিণী॥

ষোড়শী।

মূলতান—জলদ তেতালা।
রক্তায়ুজ পরে হেরি সিমিতা ও কে রমণী।
তরুণারুণ বরণা শিরে মুকুট ধারিণী॥
কুন্তলারত বদন, অঙ্গে কুসুম চন্দন,
মুক্তাহার বিভূবণ, প্রফুল পক্ষজাননী।
ঈ্ষৎহান্ত অধ্রে, ভূষিত নানালকারে,
রোমাবলি অঙ্গোপরে,চতুর্জা ত্রিনয়নী॥

পাশাক্কশ বাম করে, ধর্কাণ অন্যে ধরে,
আ মরি কি শোভা করে, জগদানন্দ কারিণী।
নবযুক্ত পয়োধর, নিম্ন নাভি সরোবর,
ত্রিবলী শ্রেণী সন্দর, বিশ্বাকর্ষণ কারিণী॥
তামূলে পূর্ণ বদন, গুড় গুল্ফ স্থাশোভন,
কমঠাকার চরণ, ত্রন্ধাগু বীজ রূপিনী।
মহেন্দ্রে করে প্রার্থনা, অন্তে কর মা করুণা,
ভবার্ণব ত্রাণ কর্ত্রী, হে বোড়শী নিত্রিধিন॥

ভুবনেশ্বরী।

সোহিনী-ধিমা তেতাল।।

অপরপা কে ও বামা বালার্ক সমবরণী।
স্থাংশু মিলিত প্রভা সন্মিতবদনা ধনী॥
কিরীট শোভিছে শিরে, উচ্চ কুচ হৃদিপরে,
আ মরি কি শোভা করে,চতুভু জা ত্রিনয়নী।
পাশাঙ্কুশ সব্য করে, অভয় বর অপরে,
কুপা কর মহেন্দেরে, ভুবনেশ্বরী রূপিণী॥

ভৈরবা।

বিবিচী—ধিমা তেতালা।
কোটি অরুণ বরণা বিহরে ও কে রমণী।
মুগুমালা শোভে গলে মণিমুকুট ধারিণী॥
পরিধান রক্তাম্বর, কুচগিরি হৃদিপর,
তাহে বহে রক্তধার, চতুভুজ ধারিণী।
জপমালা এককরে, জ্ঞান মুদ্রা অন্যে ধরে,
অপরে অভর বরে, শোভা করে ত্রিনয়নী॥
করি রূপাবলোকন, ও চরণে দিও স্থান,
মহেন্দ্রের নিবেদন, ওমা ভৈরবী রাপিণী॥

ছিন্নসন্তা।

ইমন কলাণ—একতালা।
কার ও ললনা হেরি বিবসনা
ক্রথিরে মগনা লোহিত বরণী।
লোল জিহ্বা ধারী ভীমা ভয়ঙ্করী
বিগলিত কেশী বামা ত্রিনয়নী॥
যোনিযন্ত্র পদ্ম কর্ণিকা উপরে,
রতি রতিপতি স্থিত তহপরে,
বিপরীত রতি সদত করে,
তহুপরি বামা দ্বিভুজ ধারিণী,

গলে অন্থিমালা অহি শিরোপরে, নিজ শিরশ্ছেদ করি স্বীয় করে, নিজ সব্য করে নিজে তাহা ধরে,

দক্ষিণ করেতে খড়া ধারিণী। কণ্ঠে নির্গত রুধির ত্রিধার, নিজাধরে ধরে তার এক ধার, দ্বিপার্শে দ্বিধার পানেতে তৎপর,

ভীম। বিবদনা হুই যোগিনী।
শিশু শশধর শোভা করে ভালে,
নাগ উপবীত শোভিতেছে গলে,
ছিন্নমন্তা পদে মহেন্দ্র এই বলে,
অন্তে পদ দিও ওগো মা তারিণী॥

ধূমাবতী।

देगन कला। १ - अकठाना।

বিষয় বদনা কার ও ললনা কাকোধজ রথোপরে বিহরে। রুক্ষ বরণা বিরল দশনা শোভিছে নয়ন কোটর মাঝারে॥ হৃদয় উপরে নত পয়োধর,
মলিনাংশু বামা কলছে তৎপর,
সচঞ্চল মতি অতি ক্ষ্পাতুর,
স্থাবর শোভা করিছে দ্বিকরে।
কুটিল নাসিকা দীর্ঘ কলেবর,
ধূমাবতী হর মম তম হর,
কুপা করি তার এ ভব সংসার,

মহেক্রে মা এই মিনতি করে॥

বগলা।

ইমন কল্যাণ—একতালা।
আমরি আ মরি একি রূপ হেরি
অপরূপ রূপা কে ও রমণী।
হেরিয়ে হর্ষিত হয় সদা চিত
বর্ণন অতীত পীত বরণী॥
রত্নবেদি শোভে মনিমণ্ডোপরে,
সিংহাসন শোভা করে তহপরে,
তদুর্দ্ধে দ্বিভুজা বিরাজ করে,
পুষ্প অভরণ অঙ্গেতে ধারিণী।

ক্রোধারিত বামা পীতাম্বর ধরে,
শক্র জিহ্বা টানি ধরে সব্য করে,
মুলার ধারণ করি অন্য করে,
তাড়ন করেন শক্র বিনাশিনী॥
করুণা করনা হে মাতঃ বগলে,
মহেক্রে মা তব চরণে এই বলে,
করিয়ে ছলনা করনা ছলনা,
চরমেতে তারা কলুব নাশিনী।

মাতজী।

বেহাগ—আড়া।

হেরি কে ও রমণী।

শরদিন্দু জিনি প্রভা বারিদ বরণী॥

সিংহাসন উপরে, চতুর্ভুজা কে বিহরে,
শশধর ধরে শিরে, বামা ত্রিনয়নী।

থেট খড়া বাম করে, পাশাঙ্কুশ অন্যে ধরে,
মহেন্দ্রে তার মা, তারে, মাতঙ্গী রূপিণী॥

ক্মলা।

ললিত—জলদ তেতালা।

সন্মিত বদনা বামা বিহুরে অমুজোপরে।

তড়িত জিনি বরণ মণিহার কঠে ধরে।

বামে অভয় অমুজ, দক্ষিণে বর সরোজ,

চতুরস্তে চতুর্ভুজ, আ মরি কি শোভা করে।

বিমল হৃদযোপর, শোভিতেছে পয়োধর,

কমলা করুণা কর, মহেন্দ্রে প্রার্থনা করে॥

জগদ্ধाতी।

মূলভান—জলদ তেতালা।
বালার্ক সম-বরণা বিরাজে কার রমণী।
রক্তাশ্বর পরিধানা নানালঙ্কারে ভূষিণী॥
রক্তাশ্বর পরিধানা নানালঙ্কারে ভূষিণী॥
রক্ত দ্বীপে শোভে করী, করী পৃষ্ঠেতে কেশরী,
তদুর্দ্ধে সরোজ হেরি, তহুপরি তিনয়নী।
বাণ চক্র সব্য করে, শাস্ত্র ধন্ম অন্য করে,
চতুক্ষরে শোভা করে, শিরে মুকুট ধারিণী॥
কণ্ঠে মণিহার দোলে, নাগ উপবীত গলে,
নাভিনাল হণালে, শোভিত ত্রিবলী ভোণী।
কুপাময়ি কুপা কর, ভব ক্টে ত্রাণ কর,
মহেন্দ্রের পাপ হর, জগদ্ধাত্রী নিস্তারিণী॥

कर्गा।

ঝিঝিট খাম্বাজ—ধিমা তেতালা। হেম বর্ণা ত্রিনয়না দশভুজা কে বিহরে। हेन्छ्राभीनि ठन्द्रानना किंगेकू हे त्नार्ड निरंत ॥ **म् ख** ट्यंगी मत्नाह्त, शीत्नाञ्च श्रद्धां थत, ত্রিভঙ্গ ভঙ্গিমাকার, ভূষিত নানালস্কারে। দক্ষিণ করে রূপাণ, শূল শক্তি চক্রবান. সব্যে চাপ পাশাঙ্কুশ, পরশু থেটক ধরে. অধঃস্তে মহিষামুর, অসিধারী হীন শির, কাঠোখিত দৈত্যবর,অঙ্গ শোভিত রুধিরে। শুলেতে হৃদি বিদীর্ণ, নাগ পাশেতে বন্ধন, সপাশ কেশাকর্ষণ, করিছে বামা স্বকরে॥ বাম পদানুষ্ঠ হেরি, মহিষাত্মর উপরি, দক্ষিণ পদে কেশরী, দংশিছে মহিষাস্তরে। চতুঃপার্শ্বেতে সদত, অউ নায়িকা বেক্টিত. দেবগণে মেলি ষত, সন্মুখেতে স্তব করে॥ इर्त्स इर्सींड नामिनी, रेम्ड मानव मननी, মহেক্সে তার তারিণী, এ ভব খোর সংসারে॥

भोजना ।

ঝিঝিউ—জলদ তেতালা।
থারোপরে কে বিহরে উলঙ্গিনী রমণী।
ঈবদ্ হাস্থা চারুকেশী সর্বর হুঃখ হারিণী॥
সব্যকরে কুন্ত করে, দক্ষিণে মার্জনী ধরে,
শিরে স্থা শোভা করে, সর্বর রোগ বিনাশিনী।
রোগজ্ব সমন্বিত, যোগিণী গণে বেন্টিত,

थनमा ।

মহেন্দ্রে হও রূপান্থিত, হে মা শীতলা রূপিণী।

ললিত—জলদ তেতালা।
কপে রক্ষ তলে কে ও হেম দিংহাসনাসিনী।
রক্তায়র পরিধানা তরুণা ঘোবনী ধনী॥
কপে শোভে মণিহার, ঈষত্বচ্চ পয়োধর,
করে অঙ্গদ কেয়ুর, কুমকুম সম বরণী।
কোমল হণাল করে,পদ্মদ্বর শোভা করে,
সদত ভামিত করে, কর্ণে কুগুল ধারিণী॥
তুলাকোটি পরিভান্ত, পদদ্বর শোভান্নিত,
আ মরি কি স্পোভিত, শিরে মুকুট ধারিণী।
ধনদা কর করুণা, মহেল্রে করে প্রার্থনা,
ধনক্ষ আর সহে না, নীল নলিন নয়নী॥

भक्री छ-लहरी।

ম্বরিতা ৷

কানেগড়া—ঠুংরি।

শ্যাম বর্ণা ত্রিনয়না কেরমনী ও বিহরে।
পট্টাম্বর পরিধানা পদ শোভিত মঞ্জিরে॥
বিমল হৃদয়ো পর, পীনোয়ত পয়োধর
দ্বিকরে অভয়বর, তড়াঙ্গদে শোভাকরে।
অফ সর্প বিভূষিত, কোটি কাঞ্চি গুণারিত.
গুঞ্জ মালা শুশোভিত, শিখিপুচ্ছ চূড়া শিরে॥
করি রূপাবলোকন, ও চরণে দিও স্থান,
মহেন্দ্রের নিবেদন, ত্রিতা তার সত্রে।

অন্ত্রেশ্বরী।

বিষিট—জলদ তেতালা।

চিত্রাম্বর পরিধানা রক্তবর্ণা কে রমণী।
শশধর শোভে ভালে শফরাক্ষী ত্রিনয়নী॥
শোভিছে ক্লয়োপর, পীনোরত পয়োধর,
অর দানেতে তৎপর, সংসার হৃঃখ হারিণী।
মুকুট শোভিছে শিরে, নিতম্বে মেখলা ধরে,
সন্মুখে নাচিছে শিব, শিরে তার শোভে ফণী॥
হে মা অরপ্রেম্বরী, মহেক্রে রুপা বিতরি,
ত্রাণ কর ভব বারি, ভব ভয় বিনাশিনী॥

मङ्गल छि।

নিবিট—জলদ তেতালা।
হেম সরোজ উপরে বিরাজে কার রমণী।
তরুণা যৌবনাশ্বিতা নানালঙ্কারে ভূষিণী॥
দ্বিকরে কি শোভা করে, বরাভয়াহিত করে,
রক্ত পট্টাম্বর ধরে, সন্মিত বদনা ধনী।
চার্ফ্রান্ধী গৌর বরণা, মহন্দ্রে কর করুণা,
সহেনা ভব যন্ত্রণা, মঙ্গলচণ্ডী রূপিণী॥

জয়দুর্গা।

বেহাগ—আড়া।

কেও নীল বরণী, কেও নীল বরণী।
সিংহোপরি বিরাজিত চতুর্জু জা তিনয়নী॥
শঙ্গ ধনু সবা করে, রুপাণ শূল অপরে,
নিজ তেজে তিভুবন, প্রদীপ্ত কারিণী।
অর্দ্ধ শশি শোভে ভালে, কটাক্ষে বিপক্ষ দলে,
সদা হয় ভয়াকুল, ভীয়ণাননী॥
জয়য়্র্র্মে তব প্রতি, মহেক্রে করে মিনতি,
তার মা ভব সংসারে, ও মা নিস্তারিণী॥

শারদীয় মহাপূজা সম্বন্ধীয় সংস্পীত।

মেনকার উক্তি।

বেহাগ—আড়া।

গত নিশি অবসানে।

দর্শন করেছি গিরি গৌরীরে স্বপনে॥ যেন প্রাণ উমা আসি, আমার পার্শ্বেত বসি. মা মা বলি আমারে, ডাকিছে সঘনে॥

ললিত—আড়া।

আনিতে প্রাণ উমারে গিরি করহে গমন।
স্বপন দর্শনাবধি প্রবোধ না মানে মন॥
তাঁর দর্শন ব্যতীত, মম হৃদয় ব্যথিত,
ত্বরা করি যাও তুমি, আন করিয়ে যতন।
বড় অপ্প দিন নয়, প্রায় বর্ষ গত হয়,
তরু তনয়ার তত্ত্ব, নাহি করিলে গ্রহণ॥

গিরি রাজার উক্তি।

বেহাগ—আড়া।

কর ধৈর্ঘ্য ধারণ, কর ধৈর্ঘ্য ধারণ। এই দেখ রাণী করি কৈলাদে গমন॥ সন্তোষিত করি হরে, আনিব তব উমারে, নিশ্চয় জানিয় এই, করিলাম পণ। তুমি গৃহেতে সত্তর, যত্তে আহরণ কর, ক্ষীর নবনী সর, উমার কারণ॥

গৌরীর উক্তি।

विविष्ठ-तर्रका।

অনুমতি কর হর যাব জনক আলর।
অনুকূল হও প্রাণ হয়ে প্রফুল হৃদয়॥
মম জনক আমারে, এসেছেন লইবারে,
যাইতে হবে সত্তরে, বিদায় কর আমায়।
জননীরে বহু দিন, নাহি করি সন্দর্শন,
বিশেষ সে জনো মন, সদত অস্থির হয়॥

হরের উক্তি।

বিষিউ-ঠেকা।

নিতান্ত যাইবে যদি তবে প্রিয়ে বলি শুন।
সত্ত্বর আসিও পুনঃ বিলম্ব করনা প্রাণ॥
যামিনী তায় সেখানে, বঞ্চি আসিবে এখানে,
শূন্যময় তোমা বিনে, হল আমার ভবন॥

মেনকার উক্তি।

মূলতান—জলদ তেতালা।

এস ত্রা স্থিপণ কর মঙ্গলাচরণ।
শুনির অদুরে মম মঙ্গলার আগমন॥
কল্য স্থমী বাসরে, মা আসিবে মম পুরে,
সব হুখ যাবে দুরে, হেরি তার চন্দ্রানন।
পূর্ণ কুন্ত রাখ ছারে, কদলী রোপ সত্রে,
চন্দন আসিক্তে কর, মার্গ রক্ত নিবারণ॥

মেনকার উক্তি।

বিহাগ—তেওট।

ওমা উমা তোমার কেমন কঠিন মন।

হুখিনী জননী বল্যে নাহি হত কি স্মরণ॥

আয় গোমা করি কোলে,বারেক ডাক মা বল্যে

শুনি তব সুধাধ্বনি, জুড়াবে তাপিত প্রাণ।

তুমি ভিন্ন অন্য আর, কি ধন আছে আমার,

তবু এরপ ব্যাভার, বল মা করিলি কেন॥

মেনকার উক্তি।

লিত—জলদ তেতালা।
আজ কি আনন্দ গিরি গৌরী এসেছে আগগারে।
ঘুচিয়ে অশিব শিব, হবে হেরিলে শিবারে॥
দেখ উমা আগগমন, হেরি সব পৌরজন,
করিতেছে নৃত্য গান, সুখে পুলক অন্তরে॥

গিরি রাজার উক্তি।

বিভাষ—আড়া।

নবমী যামিনী গত, হল প্রভাত লক্ষণ।
উদিত হয়ো না অদ্য, ভারু এই নিবেদন॥
প্রতিজ্ঞা করেছে হর, দশমীর প্রভাকর,
প্রকাশ হইলে পর, লয়ে যাবে উমাধন।
তাই ভারু মানা করি, থাক মোরে ক্নপা করি,
তাহা হইলে শঙ্করী, নাহি করিবে গমন॥

মেনকার উক্তি।

গিন্ধুকাফি—জ্বন তেতালা। উমা মা আমারে ত্যজি কেন করিবি গমন। বর্ষপরে দিনত্ত্রে যুচে কি ছঃখ কখন॥ শুন গো মা মহেশ্বরী, আগে মোরে প্রাণে মারি, তবে তাজি মম পুরী, যেও হরের ভবন। হায় আমি তোমা ধনে, বিদায় করি কেমনে, শূন্য গৃহে রহিব, করি জীবন ধারণ॥

মেনকার উক্তি।

ইমন্কল্যাণ—জলদ তেতালা।
রেথ রেথ রেথ বাছা ছথিনীর কথা মনে।
বর্ষে বর্ষে এই কালে এদ মম নিকেতনে॥
তুমি মম প্রাণ ধন, হেরি জুড়াবে জীবন,
নহে অপ্রেধারা আরো, বহিবে সদা নয়নে।
তোমার গমন দেখি, দেখ পুরবাদি ছঃখী,
হাহতোম্মিরবে সবে, ভ্রমে মলিন বদনে॥

শুস্ত নিশুস্তর নিকট রণস্থল হইতে প্রত্যাগত ভগ্নপাইকের সমাচার।

ইমন্কল্যাণ—একতালা।
ওগো মহারাজ, দেখিতেছি আজ,
তব দৈন্য শূন্য প্রায় হল রণে।
কে এক নারী আদি, করে ধরি অদি,
হাসি হাসি সবে নাশিছে প্রাণে॥

শবে শবে হল ধরা আচ্ছাদিত, রক্তে রণস্থল হইল প্লাবিত, চতুর্দ্ধিগে বহিতেছে রক্তে জ্রোত,

ভূপ হল হত তুরঙ্গ বারণে। বে দেখি এবার নাহিক নিস্তার, এ বামারে আজ রণে পার। ভার, চল গে স্মরণ লইগে উহার, মহেন্দ্রের অস্তে রেখ মা চরণে॥

ইমন কল্যাণ-একতালা।

হগরাজোপরি আরোহণ করি
অসি করে ধরি এলো কে রমণী।
ভীবণ আননা লোল রসনা
বিকট দশনা বামা উলঙ্গিনী॥
সদত উন্মত্ত করি স্থা পান,
আঁথিদয় যেন লোহিত বরণ,
কোধে কলেবর সদা কম্পমান,
শিশু শশধর কপালে ধারিণী।

ঘন ঘন ঘোর গড়ীর গজিছে,
থাকি থাকি পুনঃ হুঙ্কার ছাড়িছে
কটিতে কিঙ্কিনি সঘনে বাজিছে,
পুঠোপরে শোভে লম্বিত বেনী।
হেরি দৈত্যকুল হোলে। ভয়াকুল,
ত্যজি রণস্থল সবে পলাইল,
বিপক্ষে শাসিল সমর জিনিল,
একা আসি রণে বামা ত্রিনয়নী।
চলগো নূপতি কাঘ নাই রণে,
লইগে স্কারণ ও বামার চরণে,
নইলে বাঁচা ভার হবে আজ প্রাণে,

মহেন্দ্রের ভবে তার মা তারিণী॥

প্রার্থনা।

বেহাগ—আড়া।

ওমা শিবে কি হবে উপায়, ওমা শিবে কি হবে উপায়। তুমি বিনে ভবার্ণব পারের নিরুপায়॥ আমি মূঢ় অভাজন, ভজন পূজন হীন,
রথা কার্য্যে গেল দিন, পড়িয়ে মায়ায়।
বাল্য, বাল ক্রীড়া রঙ্গে, কাটাইলু হাস্থা ব্যঙ্গে,
যুবাতে যুবতী সঙ্গে, রঙ্গে দিন যায়॥
প্রোট্, পরিজন তরে, গেল ধনার্জ্জন করে,
বার্দ্ধক্যে বুদ্ধি বিহীন, বসে জড় প্রায়।
এবে ইন্দ্রিয় অবশ, কেহ নহে মম বশ,
মহেন্দ্রেরে এ সময়ে, রাখ মাও পায়॥

বেহাগ—আড়া।

ও মা শিবে এই প্রার্থনা, ও মা শিবে এই প্রার্থনা।

কুপা বিন্দু বিতরণে করনা করণ।।
নাহি চাহি রাজ্য ধন, স্কুদ্ধ এই অকিঞ্চন,
কুকার্য্যে যেমন মন, প্রার্ত্ত হয় না।
যেন ইন্দ্রিয় সকল, বশ থাকে চিরকাল,
মহেন্দ্রে এই কেবল, করিছে বাসনা।।

वांनांशि—बाड़ा ठेका।

तक भा नीता। नित्व मर्खानी, भक्षत गृहिनी, निथंत वामिनी, শুख मर्फिनी, जान कत महा मात्न॥ এ ভবে আদিয়ে মায়ায় মজিয়ে,
নিজ শিব সব লমেতে ভুলিয়ে,
বিষয় বিষপানে মোহিত হইয়ে,
দিন গত প্রতিদিনে।
দেখি শুনি তবু নহে জ্ঞানোদয়,
রথা কার্য্যে রথা দিন গত হয়,
তবু নহে রত হন্ট রসনায়,
তব নামান্ত পানে॥
এবারে মা মম নাহি অন্যোপায়,
রূপা করি যদি রাখ নিজ পায়,
তবে মা উপায়, নহে নিরুপায়,
মহেন্দ্রের ভব বন্ধনে॥

মদীয় সভাসদ ৬ অভয়াচরণ রায় গুপ্ত-বিরচিত সংস্থীত।

আলহিয়া—আড়া ঠেকা।
যা গো জননী।
যোগেশ জায়ে, যোগে যুক্ত হয়ে, জগত মোহিয়ে,
রহিলে ঘুমায়ে, কত আর কুল কুগুলিনী॥

চলমা শান্তবী স্বয়ন্তু ভুবন, স্বপতি উদ্দেশে কর আগমন, कमाल कमल इरा स्मिलन, অন্তরে অন্তর যামিনী। তব নিজ্ঞাম ত্রিকোণ সাগম, চতুর্দল সম অতি মনোরম, याशारा जिर्दिनी शिव अञ्चलम. তনমধ্যদা ত্রন্ম রূপিণী। দক্ষিণে পিঙ্গলা নাড়ি ইড়া বামে, স্বয়া অন্তরা চিত্রাণি নামে. मर्सा द्वरुख खन्न जुक्राम, হও মা তৎপথ গামিনী। উৰ্দ্ধে শতদল স্বাধিষ্ঠান স্থল, মণিপুরানল অনাহ বিমল, कर्छ यूकमल जनरा दिमल, কর গতি গতি-দায়িনী॥ কুলপদ্ম ভেদ করে ঘুচাও খেদ, সহত্य অভেদ রূপে অবিচ্ছেদ, রহসি বিহর হয়ে একাকিনী. অভয়ে স্বাঞ্চা দায়িনী।

আলাহিয়া—আড়াঠেকা। অভেদ ভেদ।

ত্যজ ওরে মন, দিধা আচরণ, কালাকালের সময় একই কারণ, ভাব মন অবিচ্ছেদ॥

> প্রকৃতি পুরুষ সমুক্ত আকৃতি, বিকম্পে রহিত ত্রন্ধ মূরতি, কেহ বলে এক ত্রন্ধময় জ্যোতিঃ,

সে ভাবে না ঘুচে মন থেদ।
প্রকৃতি পুরুষ উভয়ে খণ্ড,
যোগে জন্মাইলে কোটা ত্রন্ধাণ্ড,
দেখাইয়ে জীবে ত্রিগুণা ত্রিদণ্ড,

থও থও পরিচ্ছেদ॥

পঞ্চে পঞ্চণ তিতুবন চয়, পঞ্চেত পঞ্চত পঞ্চেতে মিশয়, দে পঞ্চে প্রপঞ্চ মায়াপঞ্চ ময়, ভেবে দেখ চতুর্বেদ॥

ভৈরবী—ধিমা ভেতালা। যতনে ভাব রে ভবে ভব ভাবিনী। যড়চক্রে চক্রী সদা হংসরপা সাহংসিনী॥ অজপ। হইল শেষ, কি কৰ তার বিশেষ, যোগানন্দে যুক্ত কর, যোগানন্দ স্বরূপিনী। পঞ্চাত্মিকাতীতা যিনি, সর্বাত্রে ব্যাপিকা তিনি, জাগিয়ে জাগাও রে মন, যোগে কুলকুগুলিনী॥ তত্ত্বে তত্ত্ব মিশাইয়ে, তত্ত্ব স্থানে ভাব গিয়ে, অভয়েরি হৃদাযুক্তে, জ্ঞানানন্দ প্রকাশিনী॥

চতুর্থ অধ্যায়।

হরিগুণামুকীর্ত্তন।

আশারগারী - আড়া।

হেরিকু যমুনার কুলে।

ত্রিভঙ্গ বিষ্কিম শ্যাম কদম্বের মূলে॥

অধরে মধুর হাঁসি, শিখি পুচ্ছ শিরে;

মোহন মুরলী করে;

কটাক্ষ সন্ধানে হানি বথে প্রাণে;

যত যুবতী গণ যায় জলে।

সথি আর যাওয়া ভার, মোসবার হইল;

কি উপায় করি বল;

সেইরূপ পুনঃ, করিলে দর্শন;

তিন্ঠিয়ে থাকা ভার হইবেক কুলে॥

विविषे—र्टुश्ति वा का अग्रालि।

শুন কেও নিশীপে বাঁশী বাজায় স্বজনি। নিবার উহারে স্বরা অধৈর্য্য করে ও ধনি॥ একে বিচ্ছেদ আগুন, স্থালিয়ে স্থালায় প্রাণ, তাহে আহুতি প্রদান, করি কে করে তাপিনী। ঐ কি পুন গায় গীত, উদাস হইল চিত, কুল শীল বিসর্জিত, করয়ে প্রবণে শুনি॥

বিভাগ—জল্দ তেতালা।

বিভাগ তাজিয়ে রক্ষ এক্ষণে কর গমন।
পথোমাঝে মরি লাজে সঙ্গ ছাড়হে এখন॥
হেরিলে দে ননদিনী, অনর্থ হবে এখনি,
ঘরে পরে জানাজানি, নাহি রহিবে গোপন।
নিশিতে নিকুঞ্জবনে, যাব লয়ে সুখীগণে,
সকলে মেলি সেখানে, নিশি করিব যাপন॥

মন মোহিল শুনি মোহন মুরলী গান।
গৃহে আর রহা ভার গেল বুঝি কুল মান॥
সেই সুমধুর স্বরে, প্রবণে আকুল করে,
মন ধৈর্য্য না ধরে, লাজ ভয় অবসান।
চিত সদত বাঞ্ছিত, তার মিলনে ত্রিত,
স্বরা করি সহচরি, কর তার সুবিধান॥

মূলতান—জলদ তেতাল।।

বিষিট থাষাজ—ধিমা তেতাল।

এস এস প্রাণস্থি নিকুঞ্জে করি গমন।

শ্যাম-বংশীশ্বনি শুনি প্রাণ মন উচাটন॥

যামিনী অধিক হল, বিলম্বে কি ফল বল,

ত্বরা করি চল চল, করি শ্যাম দরশন॥

ললিত—জলদ তেতালা।
ভাবি শ্যাম স্থি মম তত্ত্ব শ্যাম হইল।
প্রাণ হরি প্রাণহরি পুনঃ নাহি আইল॥
বিফলে গেল শর্কারী, বিনে সেই বংশীধারী,
ধৈর্য্য ধরিতে নারি, কি করি কি করি বল।
শশি অস্তাচলে যায়, পিককুল গীত গায়,
শ্যা কণ্টকের প্রায়, আজি আমারে ঘটিল॥

আলাহিনা—আড়াঠেকা।
গত যামিনী।
সথি তবু কেন, না এল এখন, মম প্রাণধন,
হাদর-রঞ্জন, সেই শ্যাম গুণমণি॥
দৃঢ় আশা করি তার আগমনে;
বাশক স্মজ্জা করি স্যতনে;
সে রহিল অন্য ফুল্ল মধুপানে;
হরি মম মনোহরিণী।

বিচ্ছেদ অনল আর ত সহেনা; প্রাণ যে দহিল কি করি বলনা; পিক-রব আর নাহি যায় শোনা; তাহে করে আরো ছখিনী॥

বেহাগ—আড়া।

হেরি কেন হেন বেশ।

রাধে তব পদে কেন পড়ে হৃষিকেশ।
মলিন হেরি বদন, বর্জিত হয়ে ভূষণ,
মুদিয়ে আছে নয়ন, করি এলো কেশ।
অম্বরে ঢাকি অধর, বসি আছে ধরাপর,
ঘর্ম বহে ঝর ঝর, বল একি বেশ।

ললিত—জলদ তেতানা।

কোথা হতে বল প্রাতে হল শ্যাম আগমন।
নিদ্রাতে কাতর আঁথি অঙ্গে কুসুমচন্দন॥
তামূল চিহ্ন বসনে, দশন চিহ্ন বদনে,
ললাটে সিন্তুর বিন্তু, কেন করি দরশন।
বুঝি চন্দ্রাবলী কুঞ্জে, এলে শ্যাম রতি ভুঞে,
আমরা মরি নিকুঞে, নিশি করি জাগরণ॥

রামকেলি—জনদ তেতালা।
বৈ হৃঃথ দিয়েছ শ্যাম মো সবার অন্তরে।
বাও হে অন্যত্রে প্যারী আছেন মনান্তরে॥
তব আশা প্রতীক্ষায়, গত নিশি জেগে যায়
শেষ বিরহ স্থালায়, স্থালা দিয়েছে রাধারে॥

রামকেলি—জলদ তেতালা।
বল কোথা ওহে শ্যাম জাগিলে গত যামিনী।
যামিনী প্রভাতে হেতা কেন এলে গুণমণি॥
চক্ষুঃদ্বয় রক্তবর্ণ, বেশ ভূষা ছিন্ন ভিন্ন,
বসনে রেতঃ নিশান, গণ্ডে দন্ত চিন্ন শ্রোণী।
ভাল হয়েছে এবেশ, নাহি পূর্ব্ব বেশ লেশ,
যে সাজালে হেন বেশ, ভাল বটে সেই ধনী॥

ঝিঝিট—জলদ তেতালা।
ত্বরা করি আসি তোরা যাগো করিয়ে দুর্শন।
শ্রীরাধা চরণ ধরি মান সাধে মধুস্থদন॥
গলেতে দিয়ে বসন, করিছে কত যতন,
তত্রাচ রাধার মান, নাহি হতেছে ভঞ্জন॥

বিবিট—ঠুংরি বা কাওয়ালি। রাধে তোমার বিরহে আর নাহি রহে প্রাণ। অনুকূল হও প্রিরে মম প্রতি ত্যজি মান॥ আমারে নিষ্ঠুর সার, দহিতেছে নিরন্তর, তোমারে কি একবার, নাহিক করে দাহন। কোকিলের কুহুস্বর, ভ্রমরার ঝঙ্কার, শুনিয়ে এ সব আর, দুখ সব কত দিন॥

ইমন কল্যাণ—একতালা। আয় গো স্থীগণ করে যা দর্শন সেজেছেন কেমন জ্রীমধুস্থদন।

রাধার প্রেমের দার ভন্ম মেথে গায় বোগীর সাজ আজ করেছেন ধারণ। নাই সে পীতাম্বর এখন বাঘাম্বর, নাই সে চারু কেশ এখন জটাধর, নাই সে বনমালা শোভে হাড়মালা,

বেশির মধ্যে ক্ষন্তে ঝুলি সুশোভন।
নাই সে চূড়া আর নাই সে মোহন বাঁশী,
নাই সে অধরে আর হত্ত হাঁসি,
ভিকাং দে রাই বলি কুঞ্জারে বসি,

শিঙ্গা আর ডমরু করিছেন বাদন॥

নিন্ধু—ধিমা তেতালা। কে এক নারী চিন্তে নারি দাঁড়ায়ে ঐ কুঞ্জদ্বারে। সুধাইলে সুধুই কেবল রাধা রাধা শ্বনি করে॥ একে নবীনা যৌবনী, তাহে বৃদ্ধিম নয়নী, শ্যাম-বর্ণা বিনোদিনী, বদনারত অম্বরে। সুপুর ধরে চরণে, হেম কর্ণবালা কর্ণে, কর শোভিত কঙ্কণে, তাহে বীণাযন্ত্র ধরে॥

ললিত—খাড়াঠেকা।
তার বিরহ বেদনে বুঝি সধি গেল প্রাণ।
আর ত মানেনা মন নিশি করিছে প্রস্থান॥
একে মলয় সমীর, বহি করিছে অস্থির,
তাহে অসহুকর, আরো কুহুকণ্ঠ গান॥

ললিত—জলদ তেতালা।
উচাটন হয় মন না হেরি তার বদন।
নিশি গেল নাহি এল তরু দে পীতবদন॥
প্রাণ হরি বংশীধারী, প্রেমাধিনী পরিহরি,
কোথা গেল শূন্য করি, এই নিকুঞ্জ কানন।
যা গো রন্দে তরা করে, গোবিন্দে আন সত্তরে,
রন্দাবনের প্রতি ঘরে, করি তার অন্বেষণ॥
কালেংড়া—একডালা।

ওগো রন্দে গোবিদে আন করি অন্নেষণ।
মন প্রাণ উচাটন নাছি মানে নিবারণ॥
বিষম বিরহানল, দহিল প্রাণ দহিল,
কিলে নিবারিব বল, বিনে সেই প্রাণধন।

বিবিটি-ঠংরি বা কাওয়ালি। পিক্বর কেন আর মোরে ত্বালাতন কর। হুঃখিনী বিরহিণী আমি অধীন তোমার॥ যে আমারে ত্বালাতন, করি করেছে প্রস্থান, তারে গিয়ে ত্বালাতন, কর তুমি হে সত্তর। যবে শার্ম মম পুরে, ছিল তখন তোমারে, তুষিয়াছি সমাদরে, দিয়ে নানা উপহার ॥ পুরবী—আড়াঠেক।। হায় কেন ত্রজে আজি ভ্রম মলয় পবন। যাও হে তথায় যথা গেছে ত্রজের রতন॥ তব তুল্য উপহার, অন্য কিবা আছে আর, আজি একুঞ্জে রাধার, স্থদ্ধ শুনিবে ক্রন্দন। তবে মম इःथ দেখি, यनि হয়ে থাক ছখি, এই ক্রন্দনের ধ্বনি, বহি কর তারে দান॥ আর বল যত্ন করে, তব বিরহ বিকারে, রাধিকা বা প্রাণে মরে, সদত সহি দাহন। श्रुवी-वाष्ट्राटिका। হায় লো স্বজনি কেন তুলিয়ে এত কুসুম। কার জন্যে গাঁথ মালা আর কি আসিবে শ্যাম॥ मिखन इरेंद्र कुत, ভोश्निद्र প্রেম পিঞ্জর, शनाइन था। रति, भूना कति जकशाम।

ললিত-জনদ ডেডালা ৷

বোগিনী সাজায়ে আমায় দেহ রুদ্দে সত্তর।
মিলিব শ্যামের সনে এই সাধ নিরন্তর॥
দে গো ভস্ম মাথাইয়ে, হাড়মালা দে আনিয়ে,
জটাজুট দে বাঁধিয়ে, আনি গিয়ে নটবর॥

থায়াজ—থেমটা।

বিষম সমরে আজি সাজিল শ্যামসুন্দর।
রণবাদ্য রূপে বাজে বাঁশী কিঙ্কিণি রুপূর॥
জ্ঞান্ধি কটাক্ষ বাণ, হানিতেছে পুনঃ পুন;
অন্থির গোপিকাগণ, খাস পড়িল অম্বর।
আবির রুধির প্রায়, কুরুমের জল তায়;
দোহা অঙ্গ ভেসে যায়, গলে শোভে ফুলহার॥
যন বহে সমীরণ, ডাকে বসি পিকগণ;
অলিকুল গুঞ্জরণ, হল রণ শন্দাকার।
হইতেছে রণ ঘোর, গরজে ঘন গভীর,
দেখি স্থিগণ হাদে, শেষ জয় জ্রীরাধার॥

. বসন্তবাহার—আড়াঠেকা।

নির্মান মলয়ানিল বহিছে দর্শন করি। হোলী থেলে কুঞ্জবনে জ্রিরাধা সহ জ্রীহরি॥ মিলি যত সধিগণ, চৌদিগে করি বেন্টন;
করিতেছে নৃত্য গান, নানারূপ ভঙ্গী করি।
কেহ বা দেয় আবীর, কেহ বা কুরুম নীর;
কেহ বা চন্দন জলে, পূরি প্রহারে পিচকারী

রামকেলি—জলদ তেতালা।

নবনিকুঞ্জ মাঝারে বিহরে হরি কিশোরী।
নয়ন হর্ষিত হল উভয়েরি রূপ হেরি॥
মুরলী শ্যামের করে, ঈষৎ হাস্থ অধরে;
গুঞ্জমালা গলে ধরে, শিথিপুচ্ছ চূড়াধারী।
শ্যাম অঙ্গে স্থশোভন, কুন্ধুমাগোরচন্দন;
পীতান্বর পরিধান, চরণে স্পূর হেরি॥
বামে রাধা রূপস্থিনী, নানালন্ধারে ভূষিণী;
আস্থা শরদিন্তু জিনি, নীল অম্বর ধারিণী।
চতুর্দিগে স্থিগণ, করে চামর ব্যক্তম;
কেহ গাইতেছে গান, বীণায়ন্ত্র করে ধরি॥

পঞ্চম অধ্যায়।

বুন্ধ-সঙ্গীত।

আলাহিয়া—আড়াঠেক।। পতিত পাবন।

বিভু দয়ায়য়, বিশ্বজনাশ্রয়, অনাদি অব্য়য়;

চিদানন্দময়, নিখিল জন রঞ্জন॥

দয়া দানে দীনে দাও হে আশ্রয়,

ত্রাণ কর ভবে ও হে ক্রপাময়,

তুমি ভিন্ন অন্য নাহি জগৎময়,

ওহে শিব সনাতন।

আসিয়াছি তব স্থজিত সংসারে,

তব নিদিফিত নিয়মানুসারে,

যা করাও তাই জগৎ মাঝারে,

করিয়ে করি ভ্রমণ ॥
এই বিশ্বরাজ্যে তুমি রাজ্যেশ্বর,
চরাচর সব তোমাতে নির্ভর,
স্থা কোশল তব মনোহর,
দেখিয়ে মোহিত মন।

তোমার মহিমা করিতে প্রকাশ, দিবা রাত্র হয় প্রত্যহ প্রকাশ, অচিন্তা দাগর শূন্য আকাশ, নক্ষত্র শশী তপ্র।

তৈরবী-একতাল।

তবে আর মিছে তার কেন না কর সারণ। সেই চিদানন্দে মজিয়ে আনন্দে হয়নারে বিসারণ॥

সুত পরিজন দন্ত অভিমান, মিথ্যা প্রবঞ্চন পরেরি নিন্দন,

কোথায় তথন রবে ওরে মন, গ্রাসিবে যবে শমন। রথা যে দেহেতে করিয়ে যতন.

আতর চন্দন করিছ লেপন,

স্ত্তিকাতে তাহা হইবেক লীন, মিছে যত্ন কি কারণ।

পরিচ্ছদ গাড়ী অট্টালিকা বাড়ী,

হেমময় ছড়ী হিরপ্নায় ঘড়ী, চরমকালেতে যাবে গড়াগড়ি, তোমার এ প্রিয়ধন

ি ঝিঝিট— ঠুংরি বা কাওয়ালি।
সেই বিনে ত্রিভুবনে সকলি অনিত্য ধন।
স্মৃতি শ্রুতি বেদে যারে বলে নিত্যনিরঞ্জন॥

যিনি ত্রিগুণ অতীত, সর্ক্রবাপী শব্দাতীত, স্থাকাশ স্পর্শাতীত, বিভু নিখিল কারণ। সংস্করণ সর্ক্রেখর, চিদানন্দ পরাৎপর, নিরাকার নির্ক্তিকার, সর্ক্রবিৎ সনাতন॥ অনন্ত পূর্ণ অক্ষয়, অবিনাশ নিরাময়, নির্ক্তিশেষ সর্ক্রাশ্রেয়, সত্য ভুবন পাবন। অতএব ওরে জীব, যদি চাহ নিজ শিব, সেই বিশুদ্ধ সর্ক্রাজ্ঞে, হৃদে কর রে স্মরণ॥

বেহাগ—আড়া।
সার সেই সনাতন, সার সেই সনাতন।
জলে স্থলে শ্নাতে যে স্থিত সর্বাক্ষণ॥
আদি অন্ত নাহি যার, নিরাকার নির্কিকার,
কার সাধ্য আছে তার, করিবে বর্ণন।
সর্বব্যাপী সর্ববিৎ, শক্তিমান সর্বজিৎ,
আজ্ঞাতে যার উদিত, নক্ষত্র তপন॥
নিরমে যাঁর ভ্রমণ, করিতেছে গ্রহ্গণ,
বর্ষা আদি ঋতু যিনি, করেন অর্পণ॥

আড়ানা বাহার—তিয়ট। ভাব ভাব ভাব রে তাঁরে। সেইজন ত্রাণকর্তা হয় বিশ্ব সংসারে॥ হিল্পু যারে বলে রাম, বিষ্ণু, মহেশ্বর, শ্যাম, অন্যান্য বিবিধ নামে, পূজে সদত যাহারে। वक्रकानी वक्रकारन, ভাবে यादत वक्रकारन, তাব্রিকে তব্র বিধানে, পূজে যারে উপচারে॥ मूजनभारन, क्लांत्रारात विशासन, মসিদে ভাবি যারে খোদাজ্ঞানে, সদা নেওাজ করে थ्छिश्नोटन রবিবারে, বাইবল অনুসারে, গড বলি স্মরে যারে, গিরজার অভ্যন্তরে॥ চীন বন্মা বাদিগণে, ভাবি ঘাঁরে বৌদ্ধজ্ঞানে. বিবিধ বিধি বিধানে, পূজে যাঁরে উপচারে॥ , আড়ানাবাহার—তিয়ট। ওহে ভবেশ সারাৎসার।

ওহে ভবেশ সারাৎসার।
দয়াময় তব তত্ত্ব অচিন্তা অপার॥
শশী ভার তব জ্যোতি, প্রস্থন তোমার ভাতি,
শূন্য তব মূরতি, ভব বিভব তোমার।
বিহগে তোমার গুণ, নাথ সদা করে গান,
তব মাহাম্ম বর্ণনে, সাধ্য আছে হে কাহার॥

আজানা বাহার—তিয়ট। ওহে কুপানিধান। কুপাময় কুপা করি কর কুপা দান॥ তথ ক্লপাতে নির্ভর, করিছে বিশ্ব সংসার, নহে ক্ষণে ধ্বংস হবে, রক্ষিতে কে ক্ষমবান। কৈব্যুক্ত বস্তু সব, ঘোষিছে মহিমা তব, শ্বনী ভাত্র ভ্রমি তার, সাক্ষ্য করিছে প্রদান॥

মদীয় সভাসদ প্রীযুক্ত আনন্দচন্দু চূড়ামণি বিরচিত সম্ভাত।

ভাব সার এ সংসার ও কেহ কার নয়।
ভাব সার এ সংসার ও কেহ কার নয়।
নিত্যনিরঞ্জন ভুবনপাবন লহ তার পদাশ্রয়॥
স্বত পরিজন হৈলে উপার্জ্জন,
হয় সাত্র তারা ভক্ষণ ভাজন,
তাতে মিছে কেন ভাবিছ আপন,
সেহ মাত্র মায়াময়।
শেষের সেদিন শ্মন যখন,
আসিয়ে এভবে করিবে বন্ধন,

জাদী হবে শাশীন বাসী, করি সহ পরিচয়॥
অতএব মন কর যোগাসন,
নাসাপুরভাগে কররে ঈক্ষণ,
ধারণা করহ কামনা, সমাধি অনলে লয়।

প্রথমেতে যম পরে সে নিয়ম,
প্রাণায়ামে পরে না হও অক্ষম,
পঞ্চভাগে পঞ্চ নিশালে প্রপঞ্চ, হবে মহাস্থাল
বিশুদ্ধ আজ্ঞাক আদি করি ভেদ,
করহ নির্কাহ আপনার থেদ,
রূপ পরিচ্ছেদ না করি বিচ্ছেদ, ওরে মন হুরাশয়।
সহস্রার মাঝে যেবা শুদ্ধ সত্ত,
সেখানে রাখিয়ে নিজ আত্মতত্ত্ব,
করিয়ে অফ্টাক্ষ ক্ষয় কর অক্স, হবে রে আনন্দ ময়॥

পরিশিষ্ট।

বিষ্ঠি—ঠুংরি বা কাওয়াল।
তথিগণ সবে শুন মম এই নিবেদন।
করুণা করি সঙ্গীত দেখ এই আকিঞ্চন॥
বহু প্রমেতে সঙ্গত, করেছি সঙ্গীত যত,
যদ্যপি সবার প্রীত, হয় হৃষ্ট হবে মন।
রাগ রঙ্গ তান মানে, সন্তোষিতে সর্বজনে,
করিয়াছি প্রাণপণে, সাধ্য মত যতন॥
কোনরূপ দোষে যদি, হয়ে থাকি অপরাধী,
কমা করিবে সকলে, করি রুপাবলোকন॥

আড়ানা বাহার—তিয়ট।
হৈ গুণগ্রাহী মহোদয়গণ।
দোষ ভাগ ত্যজি গুণ করিবে গ্রহণ।
ধেমন মরালে নীর, ত্যজি পান করে কীর,
দোষ ক্ষম সে প্রকার, প্রকাশিয়ে নিজপ্তণ।

ममाश्च ।